দক্ষ হয়ে নিশ্চিত চাকরি পেতে সিসিপ থেকে প্রশিক্ষণ নিন

দক্ষতা অর্জন করুন, আত্মবিশ্বাসী হোন, ভবিষ্যৎ গড়ে তুলুন,
সবার আগে বাংলাদেশ গড়ুন।

আধুনিক ও চাহিদাভিত্তিক দক্ষতা অর্জন করে নিজেকে এগিয়ে নিতে চান? আপনি কি ১৮ থেকে ৫৫ বছর বয়সী একজন উদ্যমী ও আগ্রহী বাংলাদেশি নাগরিক? আপনি কি সম্পূর্ণ বিনামূল্যে আধুনিক, প্রযুক্তিনির্ভর ও শিল্পখাতের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ নিয়ে নিজেকে দক্ষ ও কর্মসংস্থান-উপযোগী করে গড়ে তুলতে চান? দেশের অগ্রাধিকারপ্রাপ্ত ও উদীয়মান শিল্পখাতে কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে চান? চাকরির পাশাপাশি দেশ-বিদেশের শ্রমবাজারে নিজেকে আরও যোগ্য ও প্রতিযোগিতামূলক করে তুলতে চান? অথবা প্রশিক্ষণের মাধ্যমে নিজের উদ্যোগ ও ভবিষ্যৎ গড়ে তুলতে আগ্রহী?

তাহলে **Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)** হতে পারে আপনার জন্য দক্ষতা উন্নয়ন, কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের একটি দারুণ সুযোগ।

SICIP সম্পর্কে জানুন

SICIP বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের উদ্যোগে এবং এশীয় উন্নয়ন ব্যাংক (ADB)-এর অর্থায়নে পরিচালিত একটি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্মসূচি। বর্তমানে দেশের ৬৪টি জেলার প্রায় ৪০০টি প্রশিক্ষণ কেন্দ্রে ২৯টি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে ১৬০টি কোর্সে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

SICIP এর লক্ষ্য হলো শিল্পখাতের চাহিদা অনুযায়ী দক্ষ জনশক্তি তৈরি, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং দেশের তরুণ ও কর্মপ্রত্যাশীদের দেশ-বিদেশের শ্রমবাজারের জন্য আরও দক্ষ ও প্রতিযোগিতামূলক করে তোলা।

SICIP এ রয়েছে বিভিন্ন ধরনের প্রশিক্ষণের সুযোগ

- অ্যাডভান্সড টেকনিক্যাল ট্রেনিং প্রোগ্রাম
- এক্সিকিউটিভ ডেভেলপমেন্ট প্রোগ্রাম
- স্কিলস ট্রেনিং প্রোগ্রাম

ক্ষুদ্র নৃগোষ্ঠী, প্রতিবন্ধী
ও
তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীর
অগ্রাধিকার ও
বিশেষায়িত প্রশিক্ষণ

কেন SICIP থেকে প্রশিক্ষণ নেবেন?

- সরকারি খরচে হাতে-কলমে প্রশিক্ষণ
- প্রশিক্ষণকালে দৈনিক ১৫০ টাকা ভাতা প্রদান
- নারীদের জন্য ৩০% আসন সংরক্ষিত
- কিছু কোর্সের প্রশিক্ষণে আবাসিক সুবিধা
- আন্তর্জাতিক সনদায়নের মাধ্যমে বিদেশে চাকরি প্রাপ্তির সুযোগ
- দেশব্যাপী বিভিন্ন সেক্টরে প্রশিক্ষণ কেন্দ্রে ভর্তির সুযোগ

প্রশিক্ষণ শেষে কী কী সুযোগ পাবেন?

- দেশে ও বিদেশে কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।
- প্রয়োজনীয় দক্ষতা ও প্রশিক্ষণ নিয়ে নিজের উদ্যোগে উদ্যোক্তা হওয়ার সুযোগ পাবেন।
- শিল্পখাতের চাহিদা অনুযায়ী দক্ষতা অর্জন করে দেশ-বিদেশের শ্রমবাজারে নিজেকে আরও যোগ্য ও প্রতিযোগিতামূলক করে তুলতে পারবেন।
- অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে নিজের ক্যারিয়ার ও ভবিষ্যৎ গড়ে তোলার সুযোগ পাবেন।

প্রশিক্ষণের প্রধান ক্ষেত্রসমূহ

পোশাক শিল্প • চামড়া ও পাদুকা শিল্প • তথ্য প্রযুক্তি • লাইট ইঞ্জিনিয়ারিং • নির্মান শিল্প
পর্যটন ও আতিথেয়তা • নার্সিং অ্যান্ড কেয়ারগিভিং • মোটর ড্রাইভিং অ্যান্ড মেইনটেন্যান্স
ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকস • পাট শিল্প • জাহাজ নির্মাণ • উদ্যোক্তা উন্নয়ন
এক্সিকিউটিভ ডেভেলপমেন্ট কোর্স • এডভান্সড ট্রেনিং • ভারী যন্ত্রপাতি • ফ্যাশন • বিউটিফিকেশন
ফার্মাসিউটিক্যাল • সেমিকন্ডাক্টর • এনার্জিসহ মোট ১৬০টি বিষয়ে প্রশিক্ষণ

এই হ্যান্ডআউটে যা যা জানতে পারবেন

- SICIP-এর প্রশিক্ষণ সুবিধাসমূহ
- কারা প্রশিক্ষণ নিতে পারবেন
- কেন SICIP-এর প্রশিক্ষণ আপনার জন্য গুরুত্বপূর্ণ
- বয়স ও শিক্ষাগত যোগ্যতার শর্তাবলি
- প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ, কোর্সের নাম ও বিস্তারিত তথ্য
- প্রতিটি প্রতিষ্ঠানের যোগাযোগের ঠিকানা, মোবাইল নম্বর, ই-মেইল ও হটলাইন

এছাড়া, এই হ্যান্ডআউটের মাধ্যমে সহজেই আপনার পছন্দের কোর্স ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান নির্বাচন করতে পারবেন, ভর্তি-সংক্রান্ত তথ্য জানতে পারবেন এবং আপনার প্রাপ্য সুবিধাসমূহ সম্পর্কে বিস্তারিত ধারণা পাবেন। পাশাপাশি এই তথ্য অন্যদের সঙ্গে শেয়ার করে তাদেরও দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করতে সহায়তা করতে পারবেন।

জেলা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম ঠিকানা	ফোন ও ই-মেইল	কোর্সসমূহ
বরিশাল	**বাংলাদেশ ব্যাংক এসএমই (BBSME)**	
এবি ব্যাংক পিএলসি ০২ বরিশাল ০১ এডিপি ১৮/২৫	**01818704606** ariful.islam61@bb.org.bd	- এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম
বরিশাল	**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)**	
বরিশাল টেকনিক্যাল ট্রেনিং সেন্টার ৫২৯, সিএন্ডবি রোড, বরিশাল	**01712754483** atahia14@gmail.com	- এ্যাডভ্যান্স কালিনারি আর্ট - এ্যাডভ্যান্স ওয়েল্ডিং - মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স - প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং - রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং
বরিশাল মহিলা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার সিএন্ডবি রোড, বরিশাল	**01819911361** mttcbarisal@gmail.com	- কনজ্যুমার ইলেকট্রনিকস (উইমেন) - ফ্যাশন ডিজাইন অ্যান্ড প্রোডাক্ট ডেভেলপমেন্ট (উইমেন) - কম্পিউটার অপারেশন (উইমেন)
বরিশাল	**বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট কর্পোরেশন (BRTC)**	
বিআরটিসি প্রশিক্ষণ কেন্দ্র নাথুল্লাবাদ, বরিশাল	**01798131313** depotbarisal@brtc.gov.bd	- মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স
বরিশাল	**ফুটওয়্যার লেদার গুডস অ্যান্ড একসেসোরিজ এক্সপোর্টার্স এসোসিয়েশন (FLAXA)**	
প্রিমিয়ার ফুটওয়্যার লিমিটেড প্লট নং- এ৮৫, বিসিক ইন্ডাস্ট্রিয়াল এরিয়া, কাউনিয়া, বরিশাল	**01731515633** admin@premierfootwearbd.com	- মাল্টিটাস্কিং অপারেশন ফর ফুটওয়্যার ম্যানুফ্যাকচারিং - কোয়ালিটি কন্ট্রোল অ্যান্ড এ্যাসুরেন্স
বরিশাল	**রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং এসোসিয়েশন অব বাংলাদেশ (REHAB)**	
অগ্রযাত্রা টেকনিক্যাল ইন্সটিটিউট কর্নকাঠি, বরিশাল সদর, বরিশাল	**01710022770** agrojatratechnical2018@gmail.com	- ইলেকট্রিক্যাল ইনস্টলেশন অ্যান্ড মেইনটেন্যান্স - প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং - টাইল্‌স অ্যান্ড মার্বেল ওয়ার্কস
বরিশাল	**উইমেন এন্ট্রাপ্রেনিউর অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (WEAB)**	
বরিশাল ইকো সেন্টার ফর স্কিল ডেভেলপমেন্ট বিসিক, কাউনিয়া, বরিশাল সদর, বরিশাল	**01718235589** becsdbarishal@gmail.com	- ডিজিটাল মার্কেটিং অ্যান্ড আইটি ফ্রিল্যান্সিং অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট - ফ্যাশন ডিজাইন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট - ফুড অ্যান্ড বেভারেজ প্রোডাকশন অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট
বরগুনা	**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)**	
বরগুনা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার পুলিশ লাইন রোড, কড়ইতলা, বরগুনা সদর	**01716445746** borgunattc@yahoo.com	- মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স

জেলা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম ঠিকানা	ফোন ও ই-মেইল	কোর্সসমূহ
ভোলা	**বাংলাদেশ এসোসিয়েশন অব কনস্ট্রাকশন ইন্ডাস্ট্রি (BACI)**	
জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট ব্যাংকের হাট, ভোলা সদর, ভোলা	**01608276769** shadhonjsr.mait@gmail.com	- মেশনারি, স্টিল বাইন্ডিং অ্যান্ড ফেব্রিকেশন - প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং - টাইল্‌স অ্যান্ড মার্বেল ওয়ার্কস
ভোলা	**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)**	
ভোলা টেকনিক্যাল ট্রেনিং সেন্টার জয়নগর, বাংলাবাজার, ভোলা	**01711198979** ttcbhola@gmail.com	- মোটর ড্রাইভিং উইথ বেসিক মেইনটেন্যান্স
ভোলা	**পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (PKSF)** *আবাসিক ব্যবস্থা আছে*	
জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট আলতাজের রহমান রোড, চরনোয়াবাদ, ভোলা	**01608276769** juttibhola@gmail.com	- বিউটিফিকেশন - ইলেকট্রিক্যাল ইনস্টলেশন অ্যান্ড মেইনটেন্যান্স (কন্সট্রাকশন) - গ্রাফিক্স ডিজাইন - মোবাইল ফোন সার্ভিসিং
ভোলা	**বাংলাদেশ ওমেন চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (BWCCI)**	
জন উন্নয়ন টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট আলতাজের রহমান রোড, চরনোয়াবাদ, ভোলা	**01608276769** juttibhola@gmail.com	- ডিজিটাল মার্কেটিং অ্যান্ড ফ্রিল্যান্সিং অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট - ফ্যাশন ডিজাইন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট - ফুড অ্যান্ড বেভারেজ প্রোডাকশন অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট
ঝালকাঠি	**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)**	
ঝালকাঠি টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বিকনা, ঝালকাঠি	**01818426124** ttcjhalokathi@gmail.com	- এ্যাডভ্যান্স সুইং মেশিন অপারেশন - গ্রাফিক্স অ্যান্ড ইউআই ডিজাইন - হোটেল হাউসকিপিং
ঝালকাঠি	**বাংলাদেশ ব্যাংক এসএমই (BBSME)**	
আল আরাফাহ্ পিএলসি ০১ ঝালকাঠি ০১ এডিপি ৬৪/২৫ জিলা পরিষদ কার্যালয়, ঝালকাঠি	**01818704606** ariful.islam61@bb.org.bd	- এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট প্রোগ্রাম
পটুয়াখালী	**জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (BMET)**	
পটুয়াখালী টেকনিক্যাল ট্রেনিং সেন্টার টাউন কালিকাপুর, পটুয়াখালী সদর, পটুয়াখালী	**01822220105** ttcpatuakhali@gmail.com	- ইলেকট্রিক্যাল ইনস্টলেশন অ্যান্ড মেইনটেন্যান্স (কন্সট্রাকশন) - আইটি সাপোর্ট সার্ভিস - মোবাইল ফোন সার্ভিসিং - রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং

জেলা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম ঠিকানা	ফোন ও ই-মেইল	কোর্সসমূহ
পটুয়াখালী	বাংলাদেশ ওমেন চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (BWCCI)	
এ.এম. টেকনিক্যাল ট্রেনিং একাডেমি হাজীপাড়া রোড, ওয়ার্ড নং-০২, বাউফল পৌরসভা, বাউফল, পটুয়াখালী	**01715847801** amtta99@gmail.com	- বিউটিফিকেশন অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট - ডিজিটাল মার্কেটিং অ্যান্ড ফ্রিল্যান্সিং এবং এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট - ফ্যাশন ডিজাইন, প্রোডাক্ট ডেভেলপমেন্ট অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট - গ্রাফিক্স ডিজাইন অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপ ডেভেলপমেন্ট

SICIP এর কোর্স সম্পর্কে ১১টি সাধারন প্রশ্নের উত্তর

প্রশ্ন ১. একজন প্রশিক্ষণার্থী পূর্বে SEIP এর অধীনে কোর্স করলে, এখন কি SICIP থেকে কোর্স করতে পারবে ?
উত্তরঃ SEIP প্রকল্পের বর্তমান নাম SICIP। তাই, SEIP থেকে কোর্স করার পর SICIP থেকে কোর্স করতে পারবেন না।

প্রশ্ন ২. SICIP-এর কোর্স কি বিনামূল্যে করা যাবে?
উত্তরঃ SICIP-এর আওতায় নির্বাচিত কোর্সগুলো সরকারি খরচে করানো হয়। প্রতিটি কোর্স প্রশিক্ষণার্থীরা সম্পূর্ণ বিনামূল্যে করতে পারবেন।

প্রশ্ন ৩. SICIP-এর কোর্সে ভর্তি হতে কি কি যোগ্যতা প্রয়োজন?
উত্তরঃ বয়স, শিক্ষাগত যোগ্যতা, কোর্স শুরুর সময়, মেয়াদকাল, সপ্তাহে কয়দিন ক্লাস ও অন্যান্য শর্ত কোর্সভেদে আলাদা। আপনার পছন্দের কোর্স নির্ধারণ করে ট্রেনিং ইনস্টিটিউটের সাথে যোগাযোগ করে বিস্তারিত তথ্য জেনে নিন।

প্রশ্ন ৪. কোর্স সফলভাবে শেষ করলে ভাতা পাওয়া যাবে?
উত্তরঃ ভাতা প্রাপ্তির শর্ত পূরণ করে প্রশিক্ষণকালীন দৈনিক ১৫০টাকা ভাতা পাওয়ার ব্যবস্থা রয়েছে।

প্রশ্ন ৫. কোর্স শেষে কি সনদ দেওয়া হবে?
উত্তরঃ হ্যাঁ। সংশ্লিষ্ট প্রশিক্ষণ সফলভাবে সম্পন্ন করলে প্রশিক্ষণার্থীদের সনদ দেওয়ার ব্যবস্থা রয়েছে।

প্রশ্ন ৬. কোর্স শেষে চাকরি পেতে SICIP সহায়তা করে?
উত্তরঃ SICIP-এর বিভিন্ন কোর্সে প্রশিক্ষণ শেষে চাকরি প্রাপ্তিতে সহায়তার ব্যবস্থা রয়েছে। তবে প্রশিক্ষণ করলেই চাকরি নিশ্চিত–এমন নয়।

প্রশ্ন ৭. একজন প্রশিক্ষণার্থী কয়টি কোর্স করতে পারবেন?
উত্তরঃ SICIP কর্মসূচীর আওতায় একজন প্রশিক্ষণার্থী যেকোন একটি কোর্স করতে পারবেন।

প্রশ্ন ৮. কোর্স ও প্রতিষ্ঠান কীভাবে নির্বাচন করব?
উত্তরঃ প্রশিক্ষণার্থী নিজের আগ্রহ, যোগ্যতা এবং ভবিষ্যৎ ক্যারিয়ার পরিকল্পনা অনুযায়ী হ্যান্ডআউটের তালিকা হতে উপযুক্ত কোর্স নির্বাচন করতে পারবেন। এরপর সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ করে কোর্সের বিস্তারিত তথ্য, যোগ্যতা, সময়কাল ও ভর্তি প্রক্রিয়াসহ ইত্যাদি তথ্য জেনে নিতে পারবেন।

প্রশ্ন ৯. কোর্সে ভর্তি হতে জাতীয় পরিচয়পত্র লাগবে?
উত্তরঃ ভর্তি হতে জাতীয় পরিচয়পত্র প্রয়োজন।

প্রশ্ন ১০. নিজ জেলা ব্যতীত অন্য জেলার ট্রেনিং ইনস্টিটিউটে ভর্তি হওয়া যাবে?
উত্তরঃ SICIP-এর কোর্স যে কোন জেলায় করতে পারবেন।

প্রশ্ন ১১. SICIP-এর প্রশিক্ষণার্থীদের জন্য কি আবাসিক ব্যবস্থা রয়েছে?
উত্তরঃ পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (PKSF) পরিচালিত কোর্সগুলোতে আবাসিক ব্যবস্থা রয়েছে।

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

স্কিলস ফর ইন্ডাস্ট্রি কম্পিটিটিভনেস অ্যান্ড ইনোভেশন প্রোগ্রাম (সিসিপ)
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৬), ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
ফোন: +৮৮ ০২ ৫৫১৩৮৭৫৩-৫৫, ফ্যাক্স: +৮৮ ০২ ৮৩৯২৪৬২,
ওয়েব: www.sicip.gov.bd